

স্মারক নং: ১২.১১.০০০০.০১২.৩৮.০০১.১৮-২৬ ২৭/১২/১৭)

তারিখ: ১২/১২/১৭

প্রাপক

অতিরিক্ত পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

----- অঞ্চল (সকল)।

বিষয়: আলুর লেট ব্লাইট রোগ নিয়ন্ত্রণে সতর্কবার্তা

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, লেট ব্লাইট বা মড়ক রোগ আলু উৎপাদনের জন্য প্রধান অন্তরায়। নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাসের (মধ্য কার্তিক থেকে মধ্য ফাল্গুন) যে কোন সময় নিম্ন তাপমাত্রা (রাতে ১০-১৬ ডিগ্রি এবং দিনে ১৬-২৩ ডিগ্রি সেলসিয়াস) এবং কুয়াশাচ্ছন্ন আর্দ্র আবহাওয়া (আর্দ্রতা ৯০% এর বেশি) এ রোগ বিস্তারের জন্য অনুকূল। কুয়াশাচ্ছন্ন আবহাওয়ার সাথে গুড়ি গুড়ি বৃষ্টি হলে এ রোগ ২-৩ দিনের মধ্যে মহামারী আকার ধারণ করে। বাতাস, বৃষ্টিপাত ও সেচের পানির সাহায্যে এ রোগের জীবগুণ আক্রান্ত গাছ থেকে সুস্থ গাছে দ্রুত বিস্তার লাভ করে। মড়ক রোগের আক্রমণে ক্ষতির পরিমাণ আলুর জাত, গাছের বয়স, রোগ আক্রমণের সময় ও আবহাওয়া উপর নির্ভর করে। প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহন না করা হলে এ রোগের আক্রমণে আলুর ফলন সম্পূর্ণভাবে বিনষ্ট হতে পারে। আলুর লেট ব্লাইট রোগ নিয়ন্ত্রণে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর কর্তৃক ফেব্রুয়ারি, ২০১৮ এ প্রকাশিত ফ্যাক্ট শীট মোতাবেক করণীয়:

**রোগ হওয়ার পূর্বে করণীয়:**

- নিম্ন তাপমাত্রা, কুয়াশাচ্ছন্ন আবহাওয়া ও বৃষ্টির পূর্বাভাস পাওয়ার সাথে সাথে রোগ প্রতিরোধের জন্য ৭-১০ দিন অন্তর ম্যানকোজেব গুপের অনুমোদিত ছত্রাকনাশক যেমন: ডাইথেন এম-৪৫ বা ইন্ডোফিল এম-৪৫ বা পেনকোজেব ৮০ ডব্লিউপি প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করে গাছ ভালোভাবে ভিজিয়ে দিতে হবে।

**রোগ হওয়ার পর করণীয়:**

১. আলুর নাবী ধ্বংস রোগ হলে জমিতে সেচ দেয়া বন্ধ করতে হবে।

২. নিজের বা পার্শ্ববর্তী ক্ষেত্রে রোগ দেখা মাত্রই ৭ দিন অন্তর নিম্নের যে কোন একটি গুপের অনুমোদিত ছত্রাকনাশক পর্যায়ক্রমিকভাবে নিম্নে বর্ণিত হারে প্রতি লিটার পানির সাথে মিশিয়ে স্প্রে করে গাছ ভালোভাবে ভিজিয়ে দিতে হবে।


- এক্রোবেট এম জেড (ম্যানকোজেব ৬০% + ডাইমেথোমর্ফ ৯%) - ২ গ্রাম অথবা
- সিকিউর ৬০০ ডব্লিউজি (ম্যানকোজেব ৫০% + ফেনামিডন ১০%) - ২ গ্রাম অথবা
- মেলোডি ডুও ৬৬.৮ ডব্লিউপি (প্রোপিনেব ৭০% + ইপ্রোভেলিকার্ব) - ২ গ্রাম অথবা
- জ্যামপ্রো ডি এম (এমেটোকট্রাডিন ৩০% + ডাইমেথোমর্ফ ২২.৫%) - ২ মিলি অথবা
- কার্জেট এম ৮ (ম্যানকোজেব ৬৪% + সাইমোজানিল ৮%) - ২ গ্রাম অথবা
- ফুলিমেইন ৬০ ডব্লিউপি (ফ্লুমর্ফ ১০% + ম্যানকোজেব ৫০%) - ২ গ্রাম

৩. যদি কুয়াশাচ্ছন্ন আবহাওয়া দীর্ঘ সময় বিরাজ করে ও রোগের মাত্রা ব্যাপক হয় সেক্ষেত্রে নিম্নোক্ত ছত্রাকনাশকের যেকোন একটি মিশ্রণ পর্যায়ক্রমে নিম্নে বর্ণিত হারে প্রতি লিটার পানিতে মিশিয়ে ৫ দিন অন্তর স্প্রে করে গাছ ভালোভাবে ভিজিয়ে দিতে হবে।

- এক্রোবেট এম জেড ৪ গ্রাম + সিকিউর ৬০০ ডব্লিউজি ১ গ্রাম অথবা
- এক্রোবেট এম জেড ৪ গ্রাম + মেলোডি ডুও ৬৬.৮ ডব্লিউপি ১ গ্রাম অথবা
- ফুলিমেইন ৬০ ডব্লিউপি ৪ গ্রাম + অটোস্টিন ৫০ ডব্লিউজি (কার্বেন্ডাজিম ৫০%) ১ গ্রাম অথবা
- মেলোডি ডুও ৬৬.৮ ডব্লিউপি ৪ গ্রাম + সিকিউর ৬০০ ডব্লিউজি ১ গ্রাম
- রোগের প্রাদুর্ভাব খুব বেশী হলে ২-৪ দিন অন্তর ছত্রাকনাশকের মিশ্রণ পাতার উপরে ও নীচে ভালোভাবে স্প্রে করতে হবে।

**সতর্কতা:** গাছ ভেজা অবস্থায় জমিতে ছত্রাকনাশক স্প্রে না করাই ভালো। আর যদি স্প্রে করতেই হয় তাহলে প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে সাবানের গুড়া মিশিয়ে নিতে হবে।

সুতরাং আলুর কাঙ্ক্ষিত উৎপাদন যেন ব্যহত না হয় সেলক্ষ্যে আপনার অঞ্চলাধীন সকল জেলা, উপজেলায় প্রেরণসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

  
(এ জেড এম ছাব্বির ইবনে জাহান)

পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং

ফোননং : ৯১৩১২৯৫



অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।